

## শোক বার্তা

### বিশিষ্ট সাংবাদিক মিজানুর রহমান খানের মৃত্যু হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর গভীর শোক ও শ্রদ্ধা

[১১ জানুয়ারি ২০২১, ঢাকা] বিশিষ্ট সাংবাদিক ও জাতীয় দৈনিক প্রথম আলোর যুগ্ম সম্পাদক মিজানুর রহমান খানের মৃত্যুতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর শোক প্রকাশ করছে। একইসাথে এইচআরএফবি তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

এইচআরএফবি মনে করে, মিজানুর রহমানের অকাল প্রয়াণ অনুসন্ধানী সাংবাদিকতা, সংবিধান, আইনি-বিচার বিষয়ক ব্যাখ্যা-বিশ্লেষণ, সর্বোপরি দেশের জন্য এক অপূরণীয় ক্ষতি। আইন আদালত, সংবিধান ও বিচার বিষয়ক লেখায় তাঁর অসাধারণ দক্ষতা তাকে অনন্য উচ্চতায় নিয়ে গিয়েছে। তিনি সব সময় এসব বিষয়কে পাঠকের জন্য অত্যন্ত সহজ সাবলীলভাবে উপস্থাপন করেছেন। তাঁর লেখার মাধ্যমে তিনি নিরলসভাবে চেষ্টা করেছেন আইনের শাসন, বিচার বিভাগের স্বাধীনতা, সামাজিক ন্যায় বিচার প্রভৃতির ক্ষেত্রে নানা অসঙ্গতি ও করণীয় তুলে ধরতে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তাঁর অনন্য অসাধারণ অবদান শ্রদ্ধাভরে স্মরণ করছে এবং তাঁর আত্মার শান্তি কামনা করছে।

---

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).